

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৮৮৪

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (১১১)

পরিচ্ছেদঃ ৭. প্রথম অনুচ্ছেদ - অগ্রিম বিক্রয় করা এবং বন্ধক রাখা

بَابُ السَّلَمِ وَالرَّهْنِ

আরবী

وَعَنْ عَائِشَةَ قَالَتِ: اشْتَرَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ طَعَامًا من يَهُودِيٍّ إِلَى أَجُلِ وَرَهَنَهُ دِرْعًا لَهُ مِنْ حَدِيد

বাংলা

২৮৮৪-[২] 'আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক ইয়াহূদীর নিকট হতে কিছু খাদ্যদ্রব্য বাকিতে ক্রয় করেছেন নির্দিষ্ট সময় পর্যন্ত এবং তাঁর লৌহবর্ম ঐ ইয়াহূদীর কাছে বন্ধক রেখেছিলেন। (বুখারী ও মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: বুখারী ২০৬৮, মুসলিম ১৬০৩, সহীহ ইবনু হিব্বান ৫৯৩৮।

ব্যাখ্যা

ব্যাখ্যা: আলোচ্য হাদীসে তাদের কথা প্রত্যাখ্যাত হচ্ছে যে, যারা বলে বাকীতে ক্রয়-বিক্রয়ের ক্ষেত্রে কোনো কিছু বন্ধক রাখা বৈধ নয়। ইসমা'ঈলী (রহঃ) ত্বরিক ইবনু নামীর (রহঃ)-এর সূত্রে আ'মাশ থেকে বর্ণনা করেছেন যে, এক ব্যক্তি ইব্রাহীম আন্ নাখ'ঈ (রহঃ)-কে বলল, সা'দ বিন যুবায়র (রহঃ) বলেছেন যে, বাকী বিক্রিতে বন্ধক রাখা এটা সুদের সমতুল্য। তিনি (ইবরাহীম নাখ'ঈ) তার কথা এ হাদীসের ভিত্তিতে প্রত্যাখ্যান করলেন। (ফাতহুল বারী ৪র্থ খন্ড, হাঃ ২২৫২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)



 ${\it \it O} \it Link-https://www.hadithbd.com/hadith/link/?id=68211$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন